দৈনিক সংবাদ

তারিখ 10 DEC 1986
পৃষ্ঠা 1 কলাম 6

011

# প্রাথমিক ছাত্র-ছাত্রীদের জন্য ১ কোটি ১১ লাখ সেট বই বিনামূল্যে দেয়া হবে

।। কাশেম হুমায়ুন ।।

আগামী ১৯৮৭ সালে ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে ১ কোটি ১১লাখ সেট বই বিনামূল্যে বিতরণ করা হবে। চলতি ১৯৮৬ সালের তুলনায় আগামী ১৯৮৭ সালের ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই বিতরণ প্রায় ১০ ভাগ বাড়বে। আগামী জানুয়ারী মাসের মধ্যে বিনামূল্যের বই বিতরণ শেষ করা হবে বলে শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্রে জানা গেছে।

সূত্রটি জানান, আগামী বছরের জন্য জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড ২৬ কোটি টাকা খরচ করে সোয়া ৪ কোটি বই ছাপিয়েছে। এই বই দিয়ে মোট ১ কোটি ২০ লাখ সেট করা হয়েছে। এর মধ্যে ১ কোটি ১১ লাখ সেট বিনামূল্যে বিতরণ করা হবে। বাকী ৯ লাখ সেট জরুরী ভিত্তিতে কাজে লাগানোর জন্য রেখে দেয়া হবে। এই বই ছাপাতে যে ২৬ কোটি টাকা খরচ হয়েছে তার মধ্যে বাংলাদেশ সরকার কাগজের জন্য ৬ কোটি টাকা ইউনিসেফের কাছ থেকে সাহায্য পেয়েছে।

আগামী ১৯৮৭ সালে ১ম শ্রেণীতে ৩৫ লাখ, দ্বিতীয় শ্রেণীতে ২৮ লাখ, ৩য় শ্রেণীতে ২১ লাখ, চতুর্থ শ্রেণীতে ১৫ লাখ এবং ৫ম শ্রেণীতে ১২ লাখ সেট বই

(৭-এর পাতায় দেখুন)

## বিনামূল্যে বই

(১ম পাতার পর)

বিনামূল্যে বিতরণ করা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রটি জানান, সরকারী ও বেসরকারী ৪৬ হাজার প্রাথমিক বিদ্যালয় সহ অন্যান্য বিদ্যালয়ে ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য জাতীয় শিক্ষাক্রম এবং টেক্সট বুক বোর্ড কর্তৃপক্ষ বই ইতিমধ্যে জেলা প্রশাসনের কাছে পাঠিয়ে দিয়েছে। আগামী জানুয়ারী মাসের মধ্যে প্রাথমিক ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যের বই বিতরণ সম্পন্ন করার জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসনকে নির্দেশ দেয়া হয়েছে।

চলতি ১৯৮৬ সালে ১ম শ্রেণী থেকে ৫ শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের মধ্যে ১ কোটি ২ লাখ সেট বই বিনামূল্যে বিতরণ করা হয়েছে। ১৯৮৬ সালের জন্য ৩ কোটি ৮০ লাখ বই ছাপানো হয়েছিল। এই বই ছাপাতে ব্যয় হয়েছিল ২২ কোটি টাকা। এর মধ্যে ইউনিসেফ কাগজের জন্য ৬ কোটি টাকার সাহায্য বাবদ বাংলাদেশ সরকারকে দিয়েছে। চলতি ১৯৮৬ সালে প্রথম শ্রেণীতে ৩৪ লাখ, দ্বিতীয় শ্রেণীতে ২৪ লাখ, তৃতীয় শ্রেণীতে ১৮ লাখ, চতুর্থ শ্রেণীতে ১৫ লাখ এবং পঞ্চম শ্রেণীতে ১১ লাখ সেট বই বিনামূল্যে বিতরণ করা হয়।